

নিউ ইয়র্ক রাজ্যের অভিবাসী শিক্ষার্থীদের অধিকার রক্ষার ব্যবস্থা



জাতীয়তা, আদি দেশ বা অভিবাসন স্থিতি নির্বিশেষে, 5 থেকে 21 বছর বয়সী সকল শিক্ষার্থীর বিনামূল্যে সরকারি শিক্ষালাভের অধিকার রয়েছে।



অভিবাসী শিক্ষার্থী বা যারা শেল্টারে বাস করছে তাদের অবিলম্বে ভর্তি করতে স্কুলগুলি বাধ্য থাকবে। স্কুলগুলিকে বিভিন্ন প্রকারের বাসস্থানের প্রমাণ গ্রহণ করতে হবে।



স্কুলগুলিকে নিরাপদ স্থান হতে হবে। বাবা-মায়ের সম্মতি ছাড়া আইন প্রয়োগকারীরা কোনও শিক্ষার্থীকে স্কুল থেকে বের করে আনতে পারবেন না বা তাকে জিজ্ঞাসাবাদ করতে পারবেন না।



প্রকৃত বা ধরে নেওয়া জাতি, বর্ণ, আদি দেশ বা নাগরিকত্বের স্থিতির উপর ভিত্তি করে শিক্ষার্থী বা কর্মচারীদের দ্বারা উৎপীড়ন করা NYS ও যুক্তরাষ্ট্রীয় আইনে নিষিদ্ধ।



শরণার্থী ও অন্যান্য অভিবাসী, যাদের গৃহহীন বলে বিবেচনা করা হবে (সাময়িক বাসভবনে বা অন্য পরিবারের সাথে থাকছেন) তাদের স্কুলে ভর্তি হতেই হবে, এমনকি তাদের টিকাকরণের তথ্য না থাকলেও। স্কুলে যাওয়া শুরু করার প্রথম 14 দিনের মধ্যে শিক্ষার্থীদের সমস্ত প্রয়োজনীয় টিকার প্রথম ডোজ নিয়ে নিতে হবে।



NYS ELL প্যারেন্ট
হটলাইন
1-800-469-8224

OBEWL অনলাইনে দেখুন
obewl@nysed.gov
(518) 474-8775